



দেবিদ্বারে স্কুলছাত্রীর শ্রীলতাহানি

দেবিদ্বার (কুমিল্লা) থেকে সংবাদ-
দাতা : দেবিদ্বার উপজেলা সদরে
অবস্থিত আলহাজ জোবেদা খাতুন মহিলা
বিশ্ববিদ্যালয় কলেজের রসায়ন বিভাগের
এক শিক্ষককে এক স্কুলছাত্রীর
শ্রীলতাহানির অভিযোগে সাসপেন্ড করা
হয়েছে।

স্থানীয় একাধিক সূত্র জানায়, উপ-
জেলার আবদুল্লাহপুর উচ্চ বিদ্যালয়ের
১০ম শ্রেণীর ছাত্রী (১৫) সোমবার
বিকলে ওই কলেজের প্রভাষক জয়নাল
আবেদীনের বাসায় প্রাইভেট পড়তে
গেলে এক পর্যায়ে সে জোরপূর্বক
স্কুলছাত্রীর শ্রীলতাহানি ঘটায়। ছাত্রীটির
আত্মীয়স্বজন কলেজ কর্তৃপক্ষকে এ ঘটনা
জানাতে তার বিরুদ্ধে কর্তৃপক্ষ
প্রাথমিকভাবে সাসপেন্ডের সিদ্ধান্ত গ্রহণ
করে। কলেজ পরিচালনা কমিটির
প্রভাবশালী সদস্য, বিএনপি নেতা
আনোয়ার হোসেন ভুলু পাঠানের সঙ্গে
যোগাযোগ করলে তিনি ঘটনার সত্যতা
স্বীকার করে বলেন, ঘটনাটি দুঃখজনক।
ওই প্রভাষককে সাসপেন্ড করা হয়েছে।